# Nabadwip Vidyasagar College

Test Examination 2018

B.A. Part - I (Honours)

## PHILOSOPHY (PAPER- I) - 100

১x৫

১। যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

ক) 'ন্যায়সূত্রের' রচয়িতা কে?

খ) বৌদ্ধদর্শনে আর্যসত্যচতুষ্টয় কি কি?

গ) ভবচক্র কি?

ঘ) প্রমান পদের ব্যুৎপত্তি নির্ণয় কর।

ঙ) বৈশেষিক দর্শনে কয়টি পদার্থ স্বীকৃত হয়েছে?

চ) যোগদর্শনে 'যোগ' বলতে কি বোঝানো হয়েছে?

ছ) বিশিষ্টদ্বৈতবাদের প্রবর্তক কে?

জ) চার্বাক সম্প্রদায় স্বীকৃত পুরুষার্থগুলি কিকি?

২x১০

২। যে কোন দশটি প্রশ্নের উত্তর দাও :

ক) ঘট ও ঘটরূপের প্রত্যক্ষের ক্ষেত্রে নৈয়ায়িকগণ কোন্ কোন্ সন্নিকর্ষ স্বীকার করেন?

খ) পর্থতাবয়বী ন্যায়ের একটি উদাহরণ দাও।

গ) জৈনদর্শন অনুযায়ী পঞ্চতামহাব্রত কী কী?

ঘ) যোগ দর্শনকে 'সেশ্বর সাংখ্য' বলা হয় কেন?

ঙ) হেত্বাভাসের লক্ষণ দাও।

চ) শংকরাচার্যের মতে তিনটি সত্তা কি কি?

ছ) দেহাত্মবাদ বলতে কি বোঝ?

জ) করণ ও কারণের মধ্যে পার্থক্য কর।

ঝ) প্রমা ও প্রমাণের মধ্যে পার্থক্য কর।

ঞ) সর্বাস্তিবাদ বলতে কি বোঝ?

Scanned by CamScanner

ট) সাংখ্যদর্শনে উল্লিখিত পঞ্চবিংশতি তত্ত্বগুলি কি কি?

ঠ) শংকরাচার্যের মতে তিনটি সত্তা কি কি?

৩। যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬x৫

ক) চার্বাক নীতিশাস্ত্র কিভাবে তাদের জ্ঞানতাত্ত্বিক মতবাদ থেকে নিঃসৃত হয়েছে তা ব্যাখ্যা কর।

খ) বৌদ্ধ সম্প্রদায়কৃত নৈরাত্মবাদ কি কর্মবাদের সঙ্গে সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা কর।

গ) 'সপ্তভঙ্গী নয়' বলতে কি বোঝ? উদাহরণ সহযোগ সাত প্রকার অবধারণের যৌক্তিকতা ব্যাখ্যা কর।

ঘ) জৈন দর্শনে মোক্ষের স্বরূপ ব্যাখ্যা কর।

ঙ) বিশেযের লক্ষণ দাও। বিশেযকে স্বতোব্যাবর্তক বলা হয় কেন?

চ) ন্যায়মত অবলম্বনে কারণের বিভিন্ন প্রকারগুলি ব্যাখ্যা কর।

ছ) যোগদর্শনে 'চিত্তভূমি' বলতে কি বোঝ? সেখানে চিত্তভূমি কয় প্রকার? এগুলির নাম উল্লেখ কর।

জ) শংকরের দীবের ধারণা এবং রামানুজের জীবের ধারণার মধ্যে পার্থক্য নির্দেশ কর।

৪। যেকোন তিনটি প্রশ্নের উত্তর দাও : ১৫x৩

ক) ন্যায়মতানুসারে প্রত্যক্ষের লক্ষণ দাও এবং নির্বিকল্পক ও সবিকল্পক প্রত্যক্ষের মধ্যে পার্থক্য নির্দেশ কর।

খ) ন্যায় বৈশেযিকসম্মত 'সামান্য' পদার্থের স্বরূপ ব্যাখ্যা কর।

গ) প্রকৃতির স্বরূপ ব্যাখ্যা কর। প্রকৃতির অস্তিত্বের পক্ষে তিনটি যুক্তি বিবৃত কর।

ঘ) কোন্ যুক্তিতে ভাট্টমীমাংসা অনুপলব্ধিকে স্বতন্ত্র প্রমাণ বলে স্বীকার করেন? আলোচনা কর।

ঙ) জ্ঞানের জ্ঞান কিভাবে হয়? এই প্রসঙ্গে ন্যায় ও ভাট্ট সম্প্রদায়ের মত ব্যাখ্যা কর।

চ) অদ্বৈতবেদান্তমতে অজ্ঞানের স্বরূপ ব্যাখ্যা কর। অজ্ঞান কিভাবে ভাবরূপ ও জ্ঞান নাশ্য হতে পারে?

Scanned by CamScanner

# Nabadwip Vidyasagar College

Test Examination 2018

B.A. Part - I (Honours)

**PHILOSOPHY (PAPER- II) - 100**

১। যে কোন <u>পাঁচটি</u> প্রশ্নের উত্তর দাও : ১x৫

ক) হিউমের মতে অনুষঙ্গের তিনটি নিয়ম কি কি?

খ) ডেকার্ট লিখিত যেকোন একটি গ্রন্থের নাম লেখ।

গ) 'An Enquiry Concerning Human Understanding' গ্রন্থটির কার লেখা?

ঘ) অ্যারিস্টটলের মতে, কোন বৃক্ষের পাতার রঙের পরিবর্তনের ক্ষেত্রে নিমিত্ত কারণ কি?

ঙ) স্পিনোজা তাঁর সর্বেশ্বরবাদকে যে সমীকরণের সাহায্যে প্রকাশ করেছেন সেটি লেখ।

চ) লাইবনিজের মতে দ্রব্যের আবশ্যিক বৈশিষ্ট্য কি?

ছ) কোন সংলাপে প্লেটো জ্ঞানের আলোচনা করেছেন?

২। যে কোন <u>দশটি</u> প্রশ্নের উত্তর দাও : ২x১০

ক) ফলবেনবার্গের মতানুসারে মধ্যযুগের দর্শনের বৈশিষ্ট্যগুলি কি কি?

খ) কীভাবে প্লেটো আকার এবং ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুর সম্বন্ধ ব্যাখ্যা করেন?

গ) মিশ্র প্রকার কাকে বলে? উদাহরণ দাও।

ঘ) 'সৃজনী প্রকৃতি' এবং 'সৃষ্ট প্রকৃতি' কাকে বলে?

ঙ) Esse এবং Percipl কথা দুটির অর্থ কি? Esse Est Percipi বলতে কি বোঝ?

চ) ডেকার্তের মতে আগন্তুক ধারণা কাকে বলে?

ছ) লাইবনিজ কিভাবে বিশ্বের শৃঙ্খলাবদ্ধ রূপ ব্যাখ্যা করেন?

জ) অহংসর্বস্ববাদ কাকে বলে?

ঝ) কান্টের মতে পূর্বতঃসিদ্ধ জ্ঞানের বৈশিষ্ট্যগুলি কি?

Scanned by CamScanner

ঞ) লকের মতে গুণ কি?

ট) বিশ্লেষক অবধারণের স্বরূপ কি?

ঠ) ডেকার্তের মতে মন ও জড় দ্রব্যের মধ্যে পার্থক্য কি?

৬x৫

৩। যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

ক) প্রাচীন গ্রীক দর্শন ও মধ্যযুগীয় দর্শনের সঙ্গে আধুনিক পাশ্চাত্য দর্শনের পার্থক্য কোথায়?

খ) প্লেটোর ধারণাতত্ত্বের বিরুদ্ধে অ্যারিস্টটলের 'তৃতীয় মানব' যুক্তিটি ব্যাখ্যা কর।

গ) 'অস্তিত্ব প্রত্যক্ষ-নির্ভর'— বার্কলে কিভাবে এই মত প্রতিষ্ঠার চেষ্টা করেছিলেন?

ঘ) লক্‌কে অনুসরণ করে মুখ্য গুণ, গৌণ গুণ এবং তৃতীয় বর্গীয় গুণের পরিচয় দাও।

ঙ) হিউমের মতানুসারে মুদ্রণ ও ধারণার পার্থক্য ব্যাখ্যা কর।

চ) দেহ মনের সম্পর্ক বিষয়ে স্পিনোজের সমান্তরালবাদ আলোচনা কর।

ছ) লাইবনিজ যেভাবে 'বুদ্ধিগম্য সত্য' ও ব্যাপার বিষয়ক সত্যের মধ্যে পার্থক্য করেছেন, তা ব্যাখ্যা কর।

১৫x৩

৪। যেকোন তিনটি প্রশ্নের উত্তর দাও :

ক) ঈশ্বরের অস্তিত্ব সম্পর্কে ডেকার্টের প্রমাণগুলি ব্যাখ্যা ও বিচার কর।

খ) প্লেটোর ধারণাতত্ত্বের বিরুদ্ধে অ্যারিস্টটলের আপত্তিগুলি প্লেটোর ধারণাতত্ত্ব আলোচনা পূর্বক ব্যাখ্যা কর।

গ) লক কিভাবে সরল ও জটিল ধারণার মধ্যে পার্থক্য নিরূপণ করেন? সহজাত ধারণাবাদের বিরুদ্ধে তাঁর আপত্তিগুলি কি কি?

ঘ) হিউম কিভাবে কার্যকারণ সম্পর্কের আবশ্যিক তত্ত্বটি খন্ডন করেন? কার্যকারণ সম্পর্কে হিউমের নিজস্ব মতটি ব্যাখ্যা কর।

ঙ) কান্ট যে দাবী করেন, তিনি দর্শনের জগতে কোপারনিকাসের মত বিপ্লবের ঘটিয়েছেন — তাঁর এই মতটি ব্যাখ্যা কর।

Scanned by CamScanner

TEST Examination - 2018

PHILOSOPHY (Hons) Part III PAPER : VII & VIII

F.M. 100
Gr. A 50
Gr. B 50

## Group- A

১। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১×২ = ২

ক) কৃতপ্রণাশ কি ?

খ) অপূর্ববিধি কি ?

গ) স্বধর্ম কি ?

ঘ) একটি নিষেধ বাক্যের উদাহরণ দাও।

ঙ) স্থিতপ্রজ্ঞ কে ?

২। যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও : - ২×৫ = ১০

ক) নিয়ম - কর্তব্যবাদের বিভিন্ন রূপ কি কি ?

খ) অধি - নীতিতাত্ত্বিক বিচার কি ?

গ) ভোগবাদ কি ?

ঘ) অহিংসা কি

ঙ) বিশেষধর্ম কি ?

চ) সকাম কর্মের দুটি দৃষ্টান্ত দাও,

ছ) মনস্তাত্ত্বিক সুখবাদ কি ?

৩। যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও ; ৫×৩ = ১৫

ক) অনুব্রত ও মহাব্রতের মধ্যে পার্থক্য কি ? বিভিন্ন মহাব্রত কি কি ?

খ) নৈতিক বিচারের বিভিন্ন স্তর / বিষয় কি কি ? আলোচনা কর।

Scanned by CamScanner

গ) 'অহিংসা পরম: ধর্ম:' কেন বলা হয়?

ঘ) কর্ম-উপযোগবাদ ও নিয়ম-উপযোগবাদের মধ্যে পার্থক্য কর।

ঙ) মনস্তাত্ত্বিক সুখবাদ কি নৈতিক সুখবাদের ভিত্তি-স্বরূপ? আলোচনা কর।

৪। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

ক) গীতার কর্মযোগ ব্যাখ্যা কর।

খ) ইসলামের পঞ্চস্তম্ভ কিভাবে ইসলামীয় নীতিশাস্ত্রের ভিত্তি রচনা করে তা আলোচনা কর।

গ) প্রাক্তেনকে অনুসরণ করে নৈতিকতা ও ধ্যান জ্ঞানের অনুশীলনের মধ্যে সম্পর্ক ব্যক্ত কর।

ঘ) সদ্গুণের নীতিতত্ত্বের একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।

Scanned by CamScanner

## Group-'B'

প্রথম অধ্যায়

বেদান্তসার

মান - ২৫

১। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও: ১×১ = ১

ক) বেদান্ত বলতে কি বোঝায়?

খ) পঞ্চীকরণ বলতে কি বোঝায়?

২। যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও: ২×৪ = ৮

ক) সাধন চতুষ্টয় গুলি কি কি?

খ) নির্বিকল্পক সমাধির বিঘ্নগুলি কি কি?

গ) কতগুলি মহাবাক্য স্বীকার করা হয়েছে? তাদের নাম বল।

ঘ) পঞ্চবায়ুগুলি কি কি?

ঙ) কর্মেন্দ্রিয় গুলি কি কি?

চ) অধ্যারোপ বলতে কি বোঝায়? সংক্ষেপে আলোচনা কর।

৩। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও:- ৬×১ = ৬

ক) সবিকল্পক ও নির্বিকল্পক সমাধির মধ্যে পার্থক্য নির্ণয় কর।

খ) স্থূল দেহ ও সূক্ষ্ম দেহের মধ্যে পার্থক্য কর। উদাহরণ দাও।

৪। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও:- ১০×১ = ১০

ক) দেহাত্মবাদের অনুকূলে শ্রুতি, যুক্তি ও অনুভবের উল্লেখপূর্বক ব্যাখ্যা কর। এই মতবাদ কি যুক্তিযুক্ত?

খ) বেদান্তপাঠের অধিকারী কে? তার বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা কর।

Scanned by CamScanner

দ্বিতীয় অর্ধ

হিউম

১। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও: ১×১=১

ক) Hume যাকে ধারণার সম্বন্ধ-বিষয়ক অবধারণ বলেন তার একটি উদাহরণ দাও।

খ) Hume যে অনুষঙ্গ-নীতির কথা বলেন তাদের নামগুলি কি কি;

২। যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও: ২×৪=৮

ক) "দার্শনিক হও, কিন্তু সকল দর্শনের মাঝেও মানুষই থাক" — একথা বলে হিউম কি বোঝাতে চান?

খ) Hume-এর মতে সম্ভাব্যতা কি?

গ) Hume-এর মতে প্রাণীর বিচারের বোধ?

ঘ) কেন Hume বলেন, "ঈশ্বর" এই শব্দটি অর্থহীন, এর কোন অর্থ নেই

ঙ) কী অর্থে Hume দর্শনকে মানব-প্রকৃতির বিজ্ঞানরূপে বিশেষিত করেন?

৩। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও: ৮×১=৮

ক) Hume-এর কার্য-কারণ তত্ত্ব সবিস্তারে আলোচনা কর।

খ) Hume প্রত্যয় ও ধারণা বলতে কি বোঝেন, ব্যাখ্যা কর।

৪। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও: ১০×১=১০

ক) অলৌকিক কি? Hume-এর মতে অলৌকিক কি সম্ভব?

খ) Hume-কে অনুসরণ করে আরোহ অনুমানের সমস্যা সম্পর্কে একটি সংক্ষিপ্ত আলোচনা লেখ।

---

Scanned by CamScanner